বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

"পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন"
ফোন ঃ ৯৫৬৮১১৭
E-mail: dgmaudit2@krishibank.org.bd
Better Me Better BKB

## প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২

পত্র নং-প্রকা/প্রনিবি-২/নিরীক্ষা-০১/২০১৬-২০১৭/২২৩৪(১২৫০) তারিখঃ ০৭.০৫.২০১৭ খ্রিঃ

সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ প্রচলিত অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন যুগোপযোগী ও কার্যকরীকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি ব্যাংকের, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২, প্রধান কার্যালয়, ঢাকা এর ১৮/০৫/২০০৪ ইং তারিখের ডি,এম,ডি-১ পরিপত্র (নিরীক্ষা-২)/নং-০৪/২০০৪ মোতাবেক শাখা সমূহের অভ্যন্তরীণ নিরীক্ষার জন্য বর্তমানে ৪০(চল্লিশ)টি অনুচ্ছেদ নির্ধারিত আছে। শাখা সমূহের কাজের ধরণ, ঝুঁকি ব্যবস্থাপনা, ব্যবসায়িক কর্মকান্ডের পরিধি, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং বাংলাদেশ ব্যাংক পরিদর্শন ইত্যাদি বিষয় বিবেচনায় অভ্যন্তরীণ নিরীক্ষায় গুরুত্বপূর্ণ কিছু অনুচ্ছেদ অন্তর্ভুক্তকরণ এবং বিদ্যমান অনুচ্ছেদসমূহের পরিপালন পর্যালোচনা ও পরীক্ষা-নিরীক্ষা অত্যাবশ্যক। শাখা নিরীক্ষাকালীন সময়ে নিরীক্ষার জন্য উপরোক্ত পরিপত্রের সাথে সংযুক্ত-"পরিশিষ্ট-ক" এ বর্ণিত ৪০টি নিরীক্ষা অনুচ্ছেদ সমূহের অন্য সকল অনুচ্ছেদসমূহ অপরিবর্তিত রেখে নিম্নোক্ত অনুচ্ছেদসমূহ পরিমার্জন, পরিবর্ধন ও সংযোজন করা হলোঃ-

২. পরিশিষ্ট-'ক' এর হিসাব সংক্রান্ত নিরীক্ষা অনুচ্ছেদ নং-০৫ এ বর্ণিত 'আমানত হিসাব খোলা সংক্রান্ত অনিয়ম' নিরীক্ষাকালে নিম্নোক্ত বিষয়সমূহ নিরীক্ষা করতে হবে,

> "বাংলাদেশ ব্যাংক প্রদত্ত 'ইউনিফর্ম একাউন্ট ওপেনিং ফরম' যথাযথভাবে পূরণ, হিসাব খোলার ফরম এর কেওয়াইসি অংশে তথ্যাদি সঠিকভাবে উপস্থাপন"

৩. পরিশিষ্ট-'ক' এর ঋণ সংক্রান্ত নিরীক্ষা অনুচ্ছেদ নং-২৫ এ বর্ণিত 'প্রকল্প ঋণ, চলতি মূলধন ঋণ সহ সকল প্রকার মেয়াদী ঋণ মঞ্জুর ও বিতরণে অনিয়ম' নিরীক্ষাকালে নিম্নোক্ত বিষয়সমূহ নিরীক্ষা করতে হবে,

> "এসএমই ঋণ ও কনজুমার ঋণ মঞ্জুর ও বিতরণে অনিয়ম"

৪. পরিশিষ্ট-'ক' এর অন্যান্য বিষয় সংক্রান্ত নিরীক্ষা অনুচ্ছেদ নং-৪০ এ বর্ণিত 'বিবিধ' বিষয় নিরীক্ষাকালে নিম্নোক্ত বিষয়সমূহ নিরীক্ষা করতে হবে,

> "Self Assessment বা স্ব-নির্ধারণ সংক্রান্ত প্রতিবেদন যথাযথভাবে পরিপালনপূর্বক যথাসময়ে যথাবিহিত কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ নিশ্চিতকরণ"

৫. পরিশিষ্ট-'ক' এর অন্যান্য বিষয় সংক্রান্ত নিরীক্ষা অনুচ্ছেদ নং-৩৭ এ বর্ণিত 'অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তিঃ এর উপ-অনুচ্ছেদ নং-ঘ) বাংলাদেশ ব্যাংক পরিদর্শন' বিষয়সহ অন্যান্য নিরীক্ষা আপত্তি প্রতিবেদনের জবাব এবং Self Assessment বা স্ব-নির্ধারণ সংক্রান্ত প্রতিবেদন শাখাসমূহ যথাযথভাবে ও যথাসময়ে দিচ্ছে কিনা তা অন্যান্য অনুচ্ছেদের মতো স্পষ্ট করে প্রেরিত প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

৬. এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২, প্রধান কার্যালয়, ঢাকা এর ১৮/০৫/২০০৪ ইং তারিখের ডি,এম,ডি-১ পরিপত্র (নিরীক্ষা-২)/নং-০৪/২০০৪ এর পরিশিষ্ট-'ক' এ বর্ণিত ৪০(চল্লিশ)টি নিরীক্ষা অনুচ্ছেদ সমূহের অন্য সকল অনুচ্ছেদসমূহ অপরিবর্তিত রেখে অনুচ্ছেদ নং-৫, ২৫, ৩৭ ও ৪০ এ বর্ণিত নিরীক্ষাযোগ্য বিষয়সমূহ পরিমার্জন, পরিবর্ধন ও সংযোজন করা হলো।

৭. এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,
০৭/০৫/১৭
(মোঃ আবুল হোসেন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক

পত্র নং-প্রকা/প্রনিবি-২/নিরীক্ষা-০১/২০১৬-২০১৭/ ২২৩৪(১২৫০) তারিখঃ ০৭.০৫.২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলো ঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক/অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল শাখা ব্যবস্থাপক, (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৮. নথি/মহানথি।

০৭/০৫/১৭
(মোঃ মফিজুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

H:\Policy\smeself.doc